



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

তারিখ : ১২ ডিসেম্বর, ২০২২

বাউবি'তে শহিদ বুদ্ধিজীবী দিবসের প্রামাণ্য চিত্র প্রদর্শনী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে 'বধ্যভূমিতে একদিন' শীর্ষক প্রামাণ্যচিত্র প্রদর্শনী ১২ ডিসেম্বর সোমবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সন্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এই প্রামাণ্যচিত্র নির্মাতা ও মিডিয়া ব্যক্তিত্ব কাওসার চৌধুরীর উপস্থিতিতে প্রামাণ্যচিত্রটি প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার যুক্তরাষ্ট্রে অবস্থান করায় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে প্রদর্শনী উপভোগ করেন। তিনি ৭১ এর শহিদ বুদ্ধিজীবীসহ সকল বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং শহিদ পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বাস্তবায়নের আহবান জানান উপাচার্য।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপাচার্য (রুটিন দায়িত্ব) ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। তিনি বলেন যারা মুক্তিযুদ্ধ দেখেননি বা ছোট ছিলেন তারা এই প্রামাণ্য চিত্রের মাধ্যমে মুক্তিযুদ্ধ সম্পর্কে সঠিক ভাবে জানার সুযোগ পাবেন।



অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলমসহ বাউবি'র ডিন, পরিচালকগণ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ, শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম উপস্থিত ছিলেন। বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীগণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ, স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরগণ ভার্চুয়ালি সংযুক্ত থেকে প্রামাণ্যচিত্র উপভোগ করেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মো: জাগান্নীর আলম এবং সঞ্চলনা করেন বাউবি'র প্রকাশনা মুদ্রণ ও বিতরণ বিভাগের উপ-পরিচালক কাজী সাইফুদ্দীন আক্বাস।

উদ্দিন

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)